# AKASHVANI (AIR)
## RNU : KOLKATA
## Bengali Text Bulletin

**Date 15-01-2025** **Time: 7.35 A.M.**

---

**বিশেষ বিশেষ খবরঃ–**

১) মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কান্ডের জেরে প্রসূতী মৃত্যুর পর হাসপাতালের তরফে এক নির্দেশিকা জারি করা হয়েছে। এতে বলা হয়েছে স্নাতোকত্তর স্তরে কোনো পড়ুয়া এখন থেকে অস্ত্রপচার এবং অ্যানাস্থেসিয়া সংক্রান্ত কাজ নিজেরা করতে পারবেননা।

সিআইডি গতকাল এই ঘটনার তদন্তভার হাতে নিয়েছে।

২) রাজ্য শিক্ষা দপ্তর, দক্ষিণ কলকাতার বেসরকারি স্কুলে কাঁচ ভেঙে তিন পড়ুয়ার আহত হওয়ার ঘটনায় রিপোর্ট তলব করেছে।

৩) রাজ্যে দুই তথ্য কমিশনার পদে নিয়োগের প্রক্রিয়া শুরু।

৪) গঙ্গাসাগরে আজও চলেছে মকর সংক্রান্তির পুণ্যস্নান।

৫) শিলিগুড়ির মহিলাকে ধর্ষণের অভিযোগে জলপাইগুড়ির রাজগঞ্জ থানার কর্তব্যরত পুলিশ আধিকরারিক গ্রেপ্তার। ১৪ দিনের জেল হেফাজত।

৬) আইএসএল ফুটবলে আজ মহামেডান স্পোর্টিং চেন্নাইয়ান এফসির মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------------------

মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কান্ডের জেরে প্রসূতী মৃত্যুর পর হাসপাতালের তরফে এক নির্দেশিকা জারি করা হয়েছে। এতে বলা হয়েছে, স্নাতোকত্তর স্তরে কোনো পড়ুয়া এখন থেকে অস্ত্রপচার এবং অ্যানাস্থেসিয়া সংক্রান্ত কাজ নিজেরা করতে পারবেননা। ফ্যাকাল্টি, বেড ইনচার্জ, এমডি এবং এমএস ডিগ্রিধারী সিনিয়ার রেসিডেন্ট ডাক্তাররাই সার্জারি সংক্রান্ত যাবতীয় প্রক্রিয়া সম্পাদন করবেন। যদি কোনো পিজিটি বা জুনিয়ার ডাক্তার এইসব কাজ করেন, তা শাস্তিযোগ্য অপরাধ বলে গণ্য হবে। এই ঘটনায় কঠোর ব্যবস্থা নেওয়া হবে বলেও সতর্ক করে দেওয়া হয়েছে।

এদিকে এই নির্দেশিকা নিয়ে চিকিৎসক মহলে বিতর্ক দানা বেঁধেছে। প্রাক্তন ও বর্তমান সিনিয়ার চিকিৎসকদের একাংশ এই নির্দেশিকার ব্যাপারে আপত্তি তুলে বলেছেন, জাতীয় মেডিকেল কমিশন এনএমসির গাইডলাইনে স্পষ্ট বলা আছে, পিজিটিরা কতগুলি অস্ত্রপচারে সহকারী হিসাবে থেকেছেন অথবা নিজে করেছেন তা ই-লগ বুকে নথিভুক্ত করতে হবে। শিক্ষক চিকিৎসকদের তত্ত্বাবধানে হাতে কলমে অস্ত্রপচার শিখে তাঁরা দক্ষতা অর্জন করেন। এই নির্দেশিকা অনুযায়ী তা বন্ধ হলে ভবিষ্যতে সমস্যায় পড়বেন জুনিয়ার চিকিৎসকরা।

জুনিয়ার ডক্টর্স ফ্রন্টও এই নির্দেশিকার সমালোচনা করেছে। ফ্রন্টের তরফে ডক্টর দেবাশিস হালদার গতকাল বলেন, সিনিয়ারদের তত্ত্বাবধানে পিজিটিদের অস্ত্রপচার করতে হবে, নির্দেশিকায় তা বাল উচিত ছিল। কিন্তু তাতে বলা হয়েছে, সিনিয়ার চিকিৎসকদেরই অস্ত্রপচার করতে হবে। তাহলে এনএমসির গাইডলাইনের কি হবে, সেই প্রশ্নও তোলেন তিনি। সেই সঙ্গে যেসমস্ত হাসপাতালে সব অস্ত্রপচার ও অ্যানাস্থেসিয়া করার মত পর্যাপ্ত সিনিয়ার চিকিৎসক নেই, সেক্ষেত্রে কি ব্যবস্থা নেওয়া হবে, তাও তারা জানতে চান।

মেদিনীপুরের ঘটনার প্রতিবাদে গতকাল স্বাস্থ্য ভবনের সামনে বিক্ষোভ দেখায়, সার্ভিস ডক্টর্স ফোরাম, মেডিকেল সার্ভিস সেন্টার ও নার্সেস ইউনিটি। তারা মেদিনীপুর মেডিকেলের জারি করা নির্দেশিকা বাতিল এবং পূর্ণাঙ্গ বিচার বিভাগীয় তদন্তের দাবিতেও সরব হন।

এদিকে, CID গতকাল ঐ ঘটনার তদন্তভার হাতে নিয়েছে। ডিএসপি পদমর্যাদার এক আধিকারিকের নেতৃত্বে দুই সদস্যের প্রতিনিধি দল, ঐ হাসপাতালে গিয়ে কলেজের অধ্যক্ষ মৌসুমী নন্দী ও সুপার জয়ন্ত রাউতের সঙ্গে কথা বলে। মেডিকেল সুপার ও উপাধ্যক্ষ – এমএসভিপি-র ঘরে দুপুর থেকে সন্ধ্যা পর্যন্ত চলে রুদ্ধদ্বার বৈঠক। একইসঙ্গে গতকাল দুই পিজিটি, চার জন নার্স, একজন আরএমও এবং স্ত্রীরোগ বিভাগের দুই প্রধানকেও গতকাল জিজ্ঞাসাবাদ করেছেন আধিকারিকরা। তিনদিনের মধ্যে তাদের প্রাথমিক রিপোর্ট জমা দিতে বলা হয়েছে। পরে এমএসভিপি ডক্টর রাউত জানান, তদন্তের স্বার্থে যাদের প্রয়োজন তাদেরকেই জেরা করা হচ্ছে।

এদিকে, মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালে স্যালাইন কাণ্ডে সংক্রমণের শিকার তিন প্রসূতির অবস্থা সঙ্কটজনক। কলকাতার SSKM হাসপাতালে তাঁরা চিকিৎসাধীন। জানা গেছে, সংক্রমণের কারণে তাদের শরীরে রক্ত জমাট বাঁধছেনা। কমেছে প্লেটলেটের সংখ্যা। ঠিক মত কাজ করছে না ফুসফুস ও কিডনী। ১৩ সদস্যের মেডিকেল বোর্ড এদের চিকিৎসার দায়িত্বে রয়েছেন। মৃতা প্রসূতীর সন্তানের শারীরিক অবস্থা স্থিতিশীল হলেও পঞ্চম প্রসূতী রেখা সাউ মেদিনীপুর মেডিকেল কলেজ হাসাপাতলে চিকিৎসাধীন। তাঁর সন্তানের অবস্থাও গুরুতর। শিশুটি NICU-তে ভর্তি আছে।

বিজেপি, প্রসূতী মৃত্যু এবং স্যালাইন দুর্নীতিতে কেন্দ্রের হস্তক্ষেপ দাবি করেছে। রাজ্যের বিজেপি সাংসদ জ্যোতির্ময় সিং মাহাতো এব্যাপারে কেন্দ্রীয় স্বাস্থ্যমন্ত্রী জগৎ প্রকাশ নাড্ডার হস্তক্ষেপের আবেদন জানান।

অন্যদিকে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারী এই ঘটনায় রাজ্যের স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে পদক্ষেপের দাবি জানিয়েছেন। সাংবাদিকদের প্রশ্নের উত্তর গতকাল তিনি বলেন, এই ঘটনা ক্ষমার অযোগ্য অপরাধ। স্বাস্থ্যমন্ত্রী ও স্বাস্থ্য সচিবের বিরুদ্ধে হত্যার মামলা দায়ের হওয়া উচিত বলেও মন্তব্য করেন তিনি।

প্রবীণ কংগ্রেস নেতা প্রাক্তন সাসংদ অধীর রঞ্জন চৌধুরীও মেদিনীপুর মেডিকেল কলেজ হাসপাতালের ঘটনায় কেন্দ্রীয় স্বাস্থ্য মন্ত্রী জগত্ প্রকাশ নাড্ডার হস্তক্ষেপ চেয়ে চিঠি দিয়েছেন। ঐ চিঠিতে অধীরবাবু রাজ্যের স্বাস্থ্য ক্ষেত্রে দুর্নীতি, অবহেলা ও অব্যবস্থার অভিযোগ এনে ঘটনায় দোষীদের বিরুদ্ধে কেন্দ্রীয় সংস্থার তদন্তের দাবি জানিয়েছেন।

-----------------------

দক্ষিণ কলকাতার একটি বেসরকারি স্কুলের কাঁচ ভেঙে তিন পড়ুয়া আহত হওয়ার ঘটনায় রাজ্য শিক্ষা দপ্তর, রিপোর্ট তলব করেছে।

স্কুলে সেদিন কি ঘটেছিল এবং ঘটনার পর কি ব্যবস্থা নেওয়া হয়েছিল, জেলা বিদ্যালয় পরিদর্শকের কাছে তা' জানতে চাওয়া হয়েছে। ইতিমধ্যেই জেলা বিদ্যালয় পরিদর্শক রিপোর্ট জমা দিয়েছেন বলে খবর।

-----------------------

রাজ্যের দুই তথ্য কমিশনার পদে নিয়োগের প্রক্রিয়া শুরু হয়েছে। রাজ্য কর্মিবর্গ ও প্রশাসনিক সংস্কার দফতর এক বিজ্ঞপ্তিতে যোগ্য প্রার্থীদের ১১'ই ফেব্রুয়ারির মধ্যে আবেদন করার নির্দেশ দিয়েছে। প্রশাসন, সমাজসেবা, আইন, বিজ্ঞান ও

প্রযুক্তি সংক্রান্ত জ্ঞান ও কাজের অভিজ্ঞতা রয়েছে, এমন ব্যক্তিরা, রাজ্য তথ্য কমিশনার পদে নিয়োগের জন্য আবেদন করতে পারবেন। আবেদন পত্র জমা হলে, মুখ্যমন্ত্রীর নেতৃত্বাধীন বিশেষ নিয়োগ কমিটি নাম চূড়ান্ত করবে।

সাধারণত অবসরপ্রাপ্ত IAS এবং IPS আধিকারিকরা তথ্য কমিশনের মুখ্য ও অন্যান্য কমিশনার পদে নিযুক্ত হন।

উল্লেখ্য, বর্তমানে রাজ্য পুলিসের অবসরপ্রাপ্ত DG বীরেন্দ্র মুখ্য তথ্য কমিশনার পদে আছেন। তথ্য কমিশনারের দায়িত্ব সামলাচ্ছেন অবসরপ্রাপ্ত IAS আধিকারিক নবীন প্রকাশ।

-----------------------

চলতি খারিফ মরসুমে রাজ্যে সরকারি উদ্যোগে ধান সংগ্রহের নতুন নজির সৃষ্টি হয়েছে। এপর্যন্ত সহায়ক মূল্যে কৃষকদের কাছ থেকে ৩৫ লক্ষ টন ধান সংগ্রহ করা হয়েছে। ইতিমধ্যে ১০ লক্ষাধিক চাষি সরকারের কাছে ধান বিক্রি করেছেন। নাম নথিভুক্ত করেছেন প্রায় ২০ লক্ষ চাষি। এই সময়ের মধ্যে এত বেশি পরিমাণে ধান আগে কখনো কেনা হয়নি বলে রাজ্য খাদ্য দফতর জানিয়েছে। জানুয়ারি মাসের মধ্যেই মোট ধান কেনার পরিমাণ ৪০ লক্ষ টন ছাড়িয়ে যাবে বলেও আশা করা হচ্ছে। নভেম্বর মাস থেকে শুরু হওয়া খরিফ মরশুমে গড়ে ৫৫ লক্ষ টন ধান সংগ্রহ করা হয়ে থাকে। এবার তার থেকে অনেক বেশি ধান সংগ্রহ হবে বলে মনে করা হচ্ছে।

-----------------------

সাগরদ্বীপের গঙ্গাসাগরে আজও ভোর থেকেই চলেছে মকর সংক্রান্তির পুন্যস্নান। আজ সকাল ৬টা ৫৮ মিনিট পর্যন্ত ছিল মকর সংক্রান্তির পুণ্যযোগ । তার মধ্যেই স্নান সেরে নিতে ভোরের আলো ফোটার আগেই সাগর সঙ্গমে নেমে পড়েন প্রচুর পুণ্যার্থী।

আমাদের জেলা সংবাদদাতার একটি প্রতিবেদন

(ভি/সি )

------------------------

বীরভূমের জয়দেব কেন্দুলী মেলাতেও আজ চলেছে পুন্য স্নান। ঠান্ডা উপেক্ষা করে অনেককেই শেষ রাত পর্যন্ত নদীতে স্নান করতে দেখা যায়।পঞ্জিকা মতে নির্ধারিত শুভযোগ শেষ হয়েছে কিছুক্ষন আগে। এই মুহূর্তে গোটা মেলা চত্বরে ঘন কুয়াশা। অনেক আখড়াতেই সারা রাতের গানের আসর শেষ হয়েছে। কোথাও কোথাও তাএখনো চলছে। আজ সারাদিন চলবে ভাঙা মেলার বিকিকিনি।

দূর দূরান্ত থেকে আসা বহু মানুষ, ধনী-দরিদ্র নির্বিশেষে বিখ্যাত বাউল শিল্পীদের গান শোনার জন্য নদীর চরে তাঁবু খাটিয়ে অথবা অস্থায়ী শিবিরে কিংবা খোলা আকাশের নিচে পলিথিনের চাদর টাঙিয়ে রাত কাটাচ্ছেন। আজও সারাদিন সারারাত বসবে বাউল গানের আসর।

অন্যদিকে মেলাকে কেন্দ্র করে জয়দেব সংস্কৃতি সেবা সমিতির আয়োজনে তিন দিনব্যাপী কবি সম্মেলন ও সাহিত্য সভা শেষ হচ্ছে আজ।

------------------------

পশ্চিম বর্ধামনের কাঁকসায় শিবপুরে গতকাল বিকেলে অজয় নদে স্নান করতে গিয়ে দুই কিশোর তলিয়ে গেছে। তাদের খোঁজে উদ্ধারকারী দল রাত পর্যন্ত তল্লাশি চালায়। কিন্তু খোঁজ মেলেনি। পুলিস সূত্রে জানা গেছে, দুর্গাপুরের চাষীপাড়া থেকে চার বন্ধু জয়দেবের মেলায় গেছিল। তাদের মধ্যে ১৫ বছরের রাহুল রাই এবং ১৭ বছরের শুভম মন্ডল অজয়ে স্নান করতে নেমে তলিয়ে যায়।

------------------------

শিলিগুড়ির এক মহিলাকে ধর্ষণের অভিযোগে জলপাইগুড়ির রাজগঞ্জ থানার কর্তব্যরত পুলিশ আধিকারিক সুব্রত গুণকে গ্রেপ্তার করা হয়েছে। তাকে গতকাল জলপাইগুড়ি জেলা আদালতে তোলা হলে ১৪ দিনের জেল হেফাজতে পাঠানো হয়।

উল্লেখ্য, রাজগঞ্জ থানার সেকেন্ড অফিসার সুব্রত গত শুক্রবার তদন্তের অছিলায় তাকে ডেকে নিয়ে গিয়ে ধর্ষণ করে বলে নির্যাতিতা পুলিশে অভিযোগ জানিয়েছেন। শিলিগুড়ি মহিলা থানায় দায়ের করা ঐ অভিযোগের ভিত্তিতে প্রথমে সুব্রত গুণকে ক্লোজ এবং পরে ধর্ষণ সহ একাধিক ধারায় তার বিরুদ্ধে মামলা রুজু ও গ্রেপ্তার করা হয়। নির্যাতিতা অসুস্থ হয়ে পড়লে শিলিগুড়ি মহকুমা হাসপাতালে ভর্তি করা হয়।

অভিযুক্ত পুলিশ অফিসারের অবশ্য দাবি তাকে ফাঁসানো হয়েছে।

------------------------

কোচবিহারের দিনহাটায় গতকাল জোড়া খুনের ঘটনায় চাঞ্চল্য ছড়ায়। দিনহাটার ভেটাগরিতে রাত পৌনে দশটা নাগাদ দুই ব্যক্তির মৃতদেহ দেখতে পান স্থানীয় বাসিন্দারা। দুটিতেই ছিল ছুরির আঘাতের ছিনহ। স্থানীয়রা তাদের দিনহাটা মহকুমা হাসপাতালে নিয়ে গেলে সেখানে দুজনকেই মৃত ঘোষণা করা হয়।

মৃতদের একজনের নাম আইসার মিয়া ও অন্যজনের হাসানুর রহমান। আইশার মিয়ার বাড়ি বড় আটিয়াবাড়ী এবং অন্যজনের ভেটাগুড়িতে।

কি কারনে কে তাদের খুন করল সে বিষয়ে তদন্ত শুরু করেছে পুলিশ। দুজনের নামেই আগে একাধিক অভিযোগ রয়েছে বলে পুলিশ সূত্রে জানা গেছে।

------------------------

মহামেডান স্পোর্টিং আজ আইএসএল ফুটবলের ম্যাচে চেন্নাইয়িন এফসির মুখোমুখি হবে। যাদবপুরের কিশোর ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

১৫ ম্যাচে ১০ পয়েন্ট নিয়ে লিগ তালিকায় দ্বাদশ স্থানে আছে মহামেডান। গত ম্যাচে বেঙ্গালুরু এফসিকে হারিয়ে আইএসএলে দ্বিতীয় জয় পেয়েছে মহামেডান। ১১ ম্যাচ পর জয়ে ফিরেছে সাদা কালো ব্রিগেড।

১১ টি ম্যাচ খেলে ১৬ পয়েন্ট নিয়ে লিগতালিকায় দশম স্থানে আছে চেন্নাইয়িন।

এদিকে আইএসএলে ধারাবাহিকভাবে অবিচারের শিকার হতে হচ্ছে বলে ইস্টবেঙ্গল ক্লাব অভিযোগ করেছে। গতকাল ক্লাবের তরফে এক বিবৃতিতে নিম্ন মানের রেফারিং,পক্ষপাতপূর্ণ আচরনের অভিযোগ করে বলা হয় দেশের শীর্ষ লীগ একটি বেসরকারী সংস্থা পরিচালিত। কলকাতার একটি ক্লাবকে বিশেষ সুবিধা পাইয়ে দেওয়ার অভিযোগ করা হয়েছে। এরই পরিপ্রেক্ষিতে ইস্টবেঙ্গল ক্লাব, কেন্দ্রীয় ক্রীড়ামন্ত্রী Mansukh Mandaviya-র দ্বারস্থ হওয়ারও সিদ্ধান্ত নিয়েছে।

----------------------- -----------------------